চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।

শিক্ষক পদে নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং: ০৩/২০১৯ — তারিখ: ১২-০৫-২০১৯ ইং

নিম্নে বর্ণিত বেতন স্কেলে এবং রীতি মোতাবেক দেয় অন্যান্য ভাতায় এ বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদে শিক্ষক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

১। প্রভাষক (ইংরেজি/ভাষাবিজ্ঞান বিষয়)	- আধুনিক ভাষা ইনস্টিটিউট	- ০৩(তিন) টি স্থায়ী;
২। প্রভাষক (ইংরেজি/ভাষাবিজ্ঞান বিষয়) সহকারী অধ্যাপক পদের বিপরীতে	- আধুনিক ভাষা ইনস্টিটিউট	- ০১(এক) টি অস্থায়ী;
৩। প্রভাষক (ইংরেজি বিষয়)	- আইন অনুষদ	- ০১(এক) টি স্থায়ী;
৪। প্রভাষক (সহকারী অধ্যাপক/প্রভাষক পদের বিপরীতে)	- ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ	- ০১(এক) টি স্থায়ী;
৫। প্রভাষক (অধ্যাপক/সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)	- ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ	- ০১(এক) টি অস্থায়ী;
৬। প্রভাষক	- ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ	- ০১(এক) টি ছুটিজনিত অস্থায়ী।

বেতন স্কেল :

১। প্রভাষক : জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড।

প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা:

১। প্রভাষক:

(ক) এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে/ইনস্টিটিউটে অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত প্রভাষকগণ স্ব স্ব বিভাগে/ইনস্টিটিউটে স্থায়ী ভিত্তিতে নিয়োগের লাভের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক অস্থায়ী ভিত্তিতে নিয়োগ লাভের সময় যে শিক্ষাগত যোগ্যতা দিয়ে বিজ্ঞাপিত হয়েছিল সে শিক্ষাগত যোগ্যতাই স্থায়ী ভিত্তিতে নিয়োগ লাভের যোগ্যতা হিসেবে গণ্য হবে । অর্থাৎ কর্মরত শিক্ষকদের বেলায় পূর্বের শিক্ষাগত যোগ্যতা বহাল থাকবে।

(খ) **আধুনিক ভাষা ইনস্টিটিউটের প্রভাষক (ইংরেজি বিষয়) ও আইন অনুষদের প্রভাষক (ইংরেজি বিষয়) পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্যে প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য যোগ্যতা :**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে প্রথম বিভাগ এবং ইংরেজি বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির যে কোন একটিতে ন্যূনতম ৫৫% মার্কস ও অন্যটিতে ন্যূনতম ৫০% মার্কসসহ দ্বিতীয় শ্রেণি থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় প্রত্যেকটিতে আলাদা আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.০০ অথবা উক্ত দু'টি পরীক্ষার মোট জি.পি.এ. ন্যূনতম ৭.০০ থাকতে হবে। ইংরেজি বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে এবং বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে উক্ত দুটি ডিগ্রির যে কোন একটিতে ন্যূনতম সি.জি.পি.এ./ জি.পি.এ. ৩.৩০ ও অন্যটিতে সি.জি.পি.এ/জি.পি.এ ৩.২৫ থাকতে হবে।

(গ) **ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের প্রভাষক পদে ও আধুনিক ভাষা ইনস্টিটিউটের প্রভাষক (ভাষাবিজ্ঞান বিষয়) পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য যোগ্যতা :**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোন ৩টি স্তরে ১ম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে কমপক্ষে ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি. /সমমান ও এইচ.এস.সি. /সমমান পরীক্ষায় প্রত্যেকটিতে আলাদা আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.০০ অথবা উক্ত দু'টি পরীক্ষার মোট জি.পি.এ. ন্যূনতম ৭.০০ থাকতে হবে। পুরনো গ্রেডিং পদ্ধতিতে উর্ত্তীণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ.৩.৫০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির একটিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.৫০ ও অন্যটিতে ন্যূনতম সি.জি.পি.এ./ জি.পি.এ. ৩.৪০ থাকতে হবে।

নিয়ম অনুযায়ী নিয়োগের শর্তাদি পূরণ সাপেক্ষে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ৩০% কোটা নির্ধারিত আছে। এ ক্ষেত্রে প্রার্থীকে দরখাস্তের উপরে **'মুক্তিযোদ্ধা কোটা'** উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধার যথাযথ সনদপত্রের সত্যায়িত কপি দরখাস্তের সাথে সংযোজন করতে হবে।

উক্ত পদে নিয়োগ পেলে সংশ্লিষ্ট শিক্ষককে এ বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানের পর পরবর্তী ২(দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অংগীকার প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষকের অন্য কোনো চাকরির আবেদন অন্য কোন প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

চলমান-২

১২/৫/২০১৯

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট http://www.cu.ac.bd. (Link: Notice Board- Employment/Recruitment- CU Teacher Recruitment) হতে Download করে আবেদনপত্র ও প্রকাশনার নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে। সংশ্লিষ্ট সনদপত্রাদিসহ প্রভাষক পদের জন্য ৬(ছয়) সেট দরখাস্ত আগামী ২৬/০৫/২০১৯ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সকাল ৯:০০ টা থেকে বেলা ৩:০০ টা পর্যন্ত গৃহীত হবে।

অগ্রণী /জনতা ব্যাংক লিঃ-এর যে কোনো শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক লিঃ/জনতা ব্যাংক লিঃ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (উক্ত দু'টি ব্যাংকের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা থেকে হলে পে-অর্ডার), প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন)কপি সত্যায়িত ফটো দরখাস্তের মূল সেটের সাথে এবং মার্কসীট/ট্রান্সক্রিপ্টসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্বের সার্টিফিকেটের সত্যায়িত কপি দরখাস্তের প্রত্যেক সেটের সাথে সংযোজন করতে হবে। দরখাস্ত অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে। দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সংশ্লিষ্ট কাগজপত্র ফেরৎ যোগ্য নয়।

ফি ব্যতিরেকে কিংবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকে দেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত দরখাস্ত, বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করলে সে দরখাস্ত, বিজ্ঞাপিত যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রির পরীক্ষায় appeared প্রার্থীর পেশকৃত দরখাস্ত, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত ও ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোনো দরখাস্ত নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট দরখাস্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করে নির্ধারিত সংখ্যক দরখাস্তের সেট (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম কপি হিসেবে যথাসময়ে দাখিল করা যাবে। নির্বাচিত প্রার্থীগণের মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোনো প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

২১/৫/১৯

(কে.এম.নুর আহমদ)
রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
যোগাযোগ-৭২৬৩১১-১৪, এক্স-৪২০১.

২১/৫/২০১৯